

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২৮০

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - সালাতে বিসমিল্লাহ জোরে বা প্রকাশ্যে পড়ার বিধান

আরবী

وَعَنْ أَنَسٍ _ رضي الله عنه: أَنَّ النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ وَأَبَا بَكْرٍ وَعُمَرَ كَانُوا يَفْتَتِحُونَ الصَّلَاةِ بِ (الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ) مُتَّفَقٌ عَلَيْهِ يَفْتَتِحُونَ الصَّلَاةِ بِ (الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ) مُتَّفَقٌ عَلَيْهِ زَادَ مُسْلِمٌ: لَا يَذْكُرُونَ: (بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ) فِي أُوَّلِ قِرَاءَةٍ وَلَا فِي آخِرِهَا

وَفِي رِوَايَةٍ لِأَحْمَدَ, وَالنَّسَائِيِّ وَابْنِ خُزَيْمَةَ: لَا يَجْهَرُونَ بِبِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَفِي أُخْرَى لِابْنِ خُزَيْمَة: كَانُوا يُسِرُّونَ

وَعَلَى هَذَا يُحْمَلُ النَّفْيُ فِي رِوَايَةِ مُسْلِمٍ, خِلَافًا لِمَنْ أَعَلَّهَا

صحيح. رواه البخاري (743)، ومسلم (399)، واللفظ للبخاري

বাংলা

২৮০. আনাস (রাঃ) হতে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আবূ বকর (রাঃ) এবং 'উমার (রাঃ) الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ দিয়ে সালাত শুরু করতেন।[1]

মুসলিমে (এ সম্বন্ধে) আরো আছে- কিরাআতের প্রথমেও 'বিসমিল্লাহির রহমানির রহীম' (প্রকাশ্যে) বলতেন না,



শেষেও না।

আহমাদ, নাসায়ী ও ইবনু খুযাইমাহতে আছে- 'তাঁরা "বিসমিল্লা-হির রহমা-নির রহীম' সশব্দে পাঠ করতেন না'। ইবনু খুযাইমাহ এর অন্য বর্ণনায় আরো আছে, তাঁরা বিসমিল্লাহ চুপিসারে পড়তেন।

মুসলিমের বর্ণনা দ্বারা বিসমিল্লাহ উচ্চস্বরে না পড়ার প্রমাণ বহন করে, তবে যারা এ বর্ণনাকে দুর্বল বলেছেন তাদের বিরোধিতার কথা স্বতন্ত্র।

ফুটনোট

[1] বুখারী ৭৪৩, মুসলিম ৩৯৯, তিরমিয়ী ২৪৬, নাসায়ী ৯০২, ৯০৩, ৯০৬, ৯০৭, আবূ দাউদ ৭৮২, ইবনু মাজাহ ৮১৩, আহমাদ ১১৫৮০, ১১৬৭৪, ১১৭২৫, ১২২৮৯, মালেক ১৬৪, দারেমী ১২৪০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন